# আপীল আবেদন নং- ০৭২/২০২৬

বিষয়ঃ স্বাস্থ্য অধিদপ্তরের অধীন Director, National Institute Of Burn and Plastic Surgery, Dhaka কর্তৃক আহ্বানকৃত "Procurement of Outsourcing Lot-4 (Re-Tender) For the F.Y 2025-26 at National Institute of Burn and Plastic Surgery, Dhaka" শীর্ষক দরপত্রের বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর বিধি-৭৩(১৪) অনুযায়ী রিভিউ প্যানেলে আপীল আবেদন প্রসঙ্গে।

**Tender Reference No.- NIBPS/Re-Tender/Physical Service/2025-26/1580.**
Tender ID No. 1281183
Package No. NIBPS/e-Tender/Physical Service/04

আপিলকারী পক্ষঃ জনাব মোঃ জাকির হোসেন, নির্বাহী পরিচালক, স্টেট সার্ভিসেস লি:, ৬৭, নয়া পল্টন, (সিটি হার্ট, সুইট নং- ১৪/৬-বি), ঢাকা-১০০০।

প্রতিপক্ষঃ ১। Director, National Institute of Burn and Plastic Surgery, Dhaka.
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৪। M/S Taj Traders, Halmore, Bamandanga, Sundarganj, Gaibandha.

অতএব আদেশ হয় যে,

(১) অত্র রিভিউ আপীল আবেদন উভয়পক্ষের শুনানীঅন্তে রিভিউ প্যানেলের সর্বসম্মত সিদ্ধান্ত মোতাবেক পিপিআর-২০২৫ এর ৭৭(৩)(গ) বিধি অনুযায়ী আংশিক মঞ্জুর (Partly allowed) করা হলো।

(২) প্রতিপক্ষ Procuring Entity (PE) কর্তৃক ২২/০৬/২০২৬ তারিখে ইস্যুকৃত Notification of Award (NOA) এবং প্রতিপক্ষ (PE) ও M/S Taj Traders এর মধ্যে ২২/০৬/২০২৬ তারিখে সম্পাদিত চুক্তিপত্র ত্রুটিপূর্ণ, বিধি বহির্ভূত ও ক্ষমতা বর্হির্ভূতভাবে করা হয়েছে বিধায় পিপিআর-২০২৫ এর ৭৭(৩)(ঘ) বিধি অনুযায়ী বাতিল করা হলো।

(৩) আলোচ্য ক্রয় কার্যক্রম বাতিল করে পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫, e-GP Guideline-2025, আউট সোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা ২০২৫ এবং আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ (পরিচালন)-২০২৬ এর সংশ্লিষ্ট বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করে ক্রয়কারীকে পুনঃদরপত্র আহ্বান করতঃ পরবর্তী ক্রয়কার্য গ্রহণ করার জন্য পিপিআর-২০২৫ এর ৭৭(৩)(খ) বিধি অনুযায়ী পরামর্শ প্রদান করা হলো।

(৪) আপিলকারীর নিরাপত্তা জামানত বিধি মোতাবেক ফেরত প্রদান করার জন্য পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর বিধি ৭৭(৩)(ঙ) অনুযায়ী সুপারিশ করা হলো।

| | | |
|---|---|---|
| 15/7/26 | ১৫/৭/২০২৫ | ১৫/০৭/২০২৫ |
| নাসরিন ফাতেমা আউয়াল | মোঃ গোলাম কিবরিয়া | খান মোঃ ফেরদাউসুর রহমান, MCIPS |
| সদস্য | সিনিয়র জেলা জজ (অব:) | সরকারের সাবেক গ্রেড-১ কর্মকর্তা |
| রিভিউ প্যানেল-৪ | সদস্য | চেয়ারপারসন |
| | রিভিউ প্যানেল-৪ | রিভিউ প্যানেল-৪ |